

**উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ**  
**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**  
**গাজীপুর-১৭০১**

প্রযুক্তির নাম	:	কুমড়া জাতীয় ফসলের পাউডারী মিলডিউ ও শিকড়ে গিট কৃমি/রুট নট নেমাটোড রোগ এবং তার দমন ব্যবস্থাপনা
প্রযুক্তির ছবি	:	<p>পাউডারী মিলডিউ রোগের আক্রান্ত পাতা</p> <p>কৃমি রোগে আক্রান্ত কুমড়া জাতীয় ফসলের শিকড়</p> <p>বিভিন্ন জৈবিক দমন ব্যবস্থাপনার মাধ্যমে কৃমি মুক্ত কুমড়া জাতীয় ফসলের শিকড়</p>
বিস্তারিত বিবরণ	:	<ul style="list-style-type: none"> <li>➤ সুস্থ ও সবল চারা ব্যবহার করতে হবে।</li> <li>➤ চারা লাগানোর জায়গা গর্ত করে প্রতি গর্তে ৬ কেজি অর্ধ-পচা মুরগীর বিষ্ঠা অথবা ৫০০ গ্রাম নিমের/সরিষার খৈল মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিয়ে কমপক্ষে ১৫ দিন পচাতে হবে অথবা প্রতি গর্তে ২ কেজি হারে ট্রাইকো-জৈব কম্পোস্ট/ট্রাইকো-ভার্মি কম্পোস্ট মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিয়ে কমপক্ষে ৫ দিন রেখে দিতে হবে।</li> <li>➤ অতঃপর চারা রোপন/বীজ বপন এর সময় প্রতি গাছের গর্তে ২০ গ্রাম হারে ফুরাডান ৫ জি প্রয়োগ করে চারা রোপন/বীজ বপন করলে কৃমি রোগ সঠিকভাবে দমন করা যায়।</li> <li>➤ পাউডারী মিলডিউ রোগের প্রকোপ কমানোর জন্য জমির আশে পাশে কুমড়া জাতীয় অন্য যে কোন রকমের সবজি চাষ থেকে বিরত থাকা এবং আগাম চাষ করে রোগের প্রকোপ কমানো।</li> <li>➤ পাউডারী মিলডিউ রোগে আক্রান্ত পাতা বা গাছ সংগ্রহ করে পুড়িয়ে ধ্বংস করে ফেলা।</li> <li>➤ আক্রমণ বেশি হলে সালফার গুপের ছত্রাকনাশক যেমন: মেক সালফার ৮০ ডব্লিউ পি ২গ্রাম/লি. পানিতে অথবা থিয়োভিট ২ গ্রাম/লিটার পানিতে মিশিয়ে ১০-১২ অন্তর অন্তর ৩ বার আক্রান্ত গাছে স্প্রে করতে হবে</li> </ul>
বৈশিষ্ট্যসমূহ	:	<ul style="list-style-type: none"> <li>● এই প্রযুক্তি ব্যবহারে একসাথে দুই ধরনের (ছত্রাকজনিত পাউডারী মিলডিউ এবং কৃমি জাতীয়) রোগ দমন করা যায়।</li> <li>● প্রযুক্তিটি পরিবেশ বান্ধব।</li> </ul>

সংশ্লিষ্ট বিশেষজ্ঞ বিজ্ঞানীর সাথে যোগাযোগ

ড. মোঃ ইকবাল ফারুক

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

মোবাইলঃ ০১৯৬৩-৫৩৩১১৮

ফোনঃ ৪৯২৭০১৫৯

ইমেইলঃ [mifaruk2012@yahoo.com](mailto:mifaruk2012@yahoo.com)

[mifaruk2013@gmail.com](mailto:mifaruk2013@gmail.com)